

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ/২৮ মে, ২০১৩ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৩২-আইন/২০১৩।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, publicy traded এবং publicy traded নহে এইরূপ জাহাজ নির্মাণ শিল্পের কোম্পানীসমূহের কেবল রপ্তানী ব্যবসা হইতে উদ্ধৃত আয়ের উপর প্রদেয় আয়কর হার যথাক্রমে ৫% এবং ১০% নির্ধারণ করিল, যথা:-

শর্তসমূহ

- (১) প্রতিষ্ঠানটি কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮নং আইন) এর অধীন নিবন্ধিত হইতে হইবে;
- (২) প্রতিষ্ঠানটি, উক্ত Ordinance এর আওতায় যে কোন কর অব্যাহতি বা কর অবকাশ বা কর রেয়াত সুবিধা ভোগ করিতে থাকিলে উক্ত মেয়াদ অতিবাহিত হইলে অব্যবহিত পরবর্তী সময়ে এই প্রজ্ঞাপন অনুযায়ী হ্রাসকৃত হারে আয়কর প্রদানের সুবিধাপ্রাপ্ত হইবে; এবং
- (৩) প্রতিষ্ঠানটিকে উক্ত Ordinance এর section 30 এর বিধানাবলী প্রতিপালন করিতে হইবে।

২। উপরি-উক্ত আয়কর হ্রাস সুবিধা এই প্রজ্ঞাপন জারীর তারিখ হইতে ১২ (বার) বৎসর পর্যন্ত বলবৎ থাকিবে।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোঃ বশির উদ্দিন আহমেদ
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)